

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জানুয়ারি, ২০২২ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২১-২২ অর্থবছরে ৪০.০০ লক্ষ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদানুযায়ী জানুয়ারি, ২০২২ মাসের লক্ষ্যমাত্রা পূরণের জন্য ন্যূনতম গড়ে প্রতিমাসে ৩.৩৩ লক্ষ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন ছিল। জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিকের তুলনায় একটু বৃদ্ধি পাওয়ায় BPC কর্তৃক জানুয়ারি, ২০২২ মাসে ৩.৪০ লক্ষ মে.টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়।

২। কোভিড-১৯ বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে গত ০১/০৭/২০২১ তারিখ হতে দাপ্তরিক কার্যক্রম শুরুর পাশাপাশি যানবাহন চলাচলসহ দেশে শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম বর্তমানে স্বাভাবিক রয়েছে। সে পরিপ্রেক্ষিতে যাতায়াত, বিদ্যুৎ উৎপাদন, শিল্প ও বাণিজ্যিক খাতে জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিক থাকায় ইতোমধ্যে জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে।


৩। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই'২১-জানুয়ারি'২২ সময়ের পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপঃ

(মে. টন)


কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন							সর্বমোট
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	
পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	৪০.০০	২.৬৬	২.৮২	৩.৫৬	৫.৫৮	৪.৩৫	৩.৫৯	৩.৪০	২৫.৯৬

৪। মনিটরিং কমিটির সুপারিশ:


(ক) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।


০৭/০২/২০২২


এম. এম. জুবায়ের হাসান
ব্যবস্থাপক (এমআইএস)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন


০৭/০২/২০২২

শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব (অপারেশন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


০৭/০২/২০২২

মোস্তা মিজানুর রহমান
উপসচিব (প্রশাসন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ


০৭/০২/২০২২

ড. মোঃ রফিকুল ইসলাম
যুগ্মসচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ